দৈনিক ইত্তেফাক

57

তারিখ ... ... ... MAR. 1 0 2000
পৃষ্ঠা 7 কলাম 7

# জাতীয় বিশ্ববিদ্যালয় সমীপে

আমরা বিএ (সম্মান-সনাতন) ইংরেজী বিভাগের ১৯৯২-৯৩ সেশনের ছাত্র-ছাত্রী। ঢাকা বিশ্ববিদ্যালয়ের সিলেবাস অনুযায়ী আমাদের অনার্স ফাইনাল পরীক্ষা হইয়াছে যথাক্রমে ১৯৯৬ ও ৯৮ সালে। '৯৮ সালে অনুষ্ঠিত পরীক্ষার ফলাফল বাহির হইয়াছে ১৩ মাস পর। অনেকে দ্বিতীয়বারেও অংশ নিয়াছিল। অনেকে অকৃতকার্য হইয়াছে; শুধু 'পাস' পাইয়াছে কিছু, সারাদেশে দ্বিতীয় শ্রেণীতে দুই জন এবং বাকিরা তৃতীয় শ্রেণীতে উত্তীর্ণ হইয়াছে যাহারা অকৃতকার্য হইয়াছে, তাহারা শেষবারের মত পরীক্ষা দিবার প্রস্তুতি নিতেছে। প্রথম এবং দ্বিতীয়বার যাহারা পাস ও তৃতীয় শ্রেণী পাইয়াছে তাহাদের মধ্যে অনেকেই মানোন্নয়নের জন্য এইবার পরীক্ষা দিবে। কিন্তু তাহারা হতাশ হইয়া পড়িয়াছে। কারণ কিছুদিন আগে দৈনিক ইত্তেফাকে প্রকাশিত ২০০১ সাল পর্যন্ত অনার্স ও মাস্টার্স পরীক্ষার তারিখের তালিকায় আমাদের পরীক্ষার তারিখ নাই। সনাতন পদ্ধতিতে তৃতীয় এবং শেষ সুযোগ হিসাবে একটি পরীক্ষা নেওয়া হইবে- এক কথা বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন কর্মকর্তার মুখে শুনিয়াছি। কিন্তু কবে নাগাদ নেওয়া হইবে আর কবেই বা পরীক্ষার তারিখ জানানো হইবে তাহা ভাবিয়া আমরা উদ্বিগ্ন। এমতাবস্থায় পরীক্ষা নিয়ন্ত্রকের নিকট আমাদের আকুল আবেদন এই যে, পরীক্ষার তারিখ অনতিবিলম্বে অবহিত করিয়া আমাদের চিন্তামুক্ত করুন।

আলমগীর,
জগন্নাথ কলেজ,
খোকন,
ঢাকা কলেজ, ঢাকা।